দৈনিক খবর

তারিখ 0 2 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৩

১১

# বেসরকারী শিক্ষকদের নয়া স্কেল বাস্তবায়নে সরকার নীতিগতভাবে একমত

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার বলেছেন, বর্তমান সরকার বেসরকারী শিক্ষকদের জন্য নতুন বেতন স্কেল বাস্তবায়নে নীতিগতভাবে একমত এবং সম্পদের সীমাবদ্ধতার কারণে তা ফ্রন্টের সাথে আলোচনা সাপেক্ষে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। মন্ত্রী গতকাল রোববার বাংলাদেশ শিক্ষক সমিতি ঐক্যফ্রন্ট নেতাদের সাথে আলোচনাকালে এ কথা বলেন। শিক্ষামন্ত্রী শিক্ষক প্রতিনিধিদের সাথে শিক্ষার উন্নয়নের ক্ষেত্রে সরকারী নীতি ব্যাখ্যা করেন এবং তাদের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, প্রতিটি স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষকদের জন্য বেতন অনুদান পাবে। তিনি বলেন, সকল নিবন্ধীকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ মাসিক ভিত্তিতে সরকারী অনুদান পাবেন যাতে তারা সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে অবদান রাখতে পারেন। তিনি বলেন, ২০০০ সালের মধ্যে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে গ্রামে গ্রামে বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করা হবে।

বৈঠকে শিক্ষক সমাজের বিশেষ করে বেসরকারী শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং শিক্ষামন্ত্রী শিক্ষকদের সমস্যা ধৈর্যসহ শোনেন।

বৈঠকে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যক্ষ মোকাররম হোসেন, সাধারণ সম্পাদক তোফায়েল আহমদ চৌধুরী, বাংলাদেশ জমিয়াতুল মুদারেছীনের মহাসচিব মওলানা আবদুল লতিফ, যুগ্ম সম্পাদক মওলানা আবুনছর শামসুল ইসলাম, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ মোয়াজ্জেম হুসাইন খান, সাধারণ সম্পাদক আলী আকবর খান ডলার, বাংলাদেশ কলেজ (বেসরকারী) শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মুনীর আহাম্মদ, সাধারণ সম্পাদক আবুল কাশেম, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ডঃ সৈয়দ আহাম্মদ, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জনাব নূরুল্লাহ বৈঠকে উপস্থিত ছিলেন।বাসস।

১৩